

# ভারতীয় জাতীয়তাবাদ : ফিরে দেখা

সম্পাদনা : শুভাশিস চক্রবর্তী



Bharotio Jatiwatabad : Phira Dakha  
Edited by DR. SUBHASIS CHAKRABORTY  
Rs. 400.00

© ড. শুভাশিস চক্রবর্তী

প্রথম প্রকাশ :  
আগস্ট, ২০২০

প্রচ্ছদ  
স্বাক্ষ (মোঃ ৯৮৭৫৩৮১২৫১)

প্রকাশনা :  
আর্টিস্টিক ইম্প্রেশন  
৮০/৫ মহাত্মা গান্ধী রোড  
কলকাতা - ৯

ISBN : 978-81-947264-0-1

অঙ্কুর বিন্যাস ও মুদ্রক :  
আর্টিস্টিক ইম্প্রেশন  
৮০/৫ মহাত্মা গান্ধী রোড  
কলকাতা-৯

মূল্য : ৪০০/-

ড. রূপশ্রী চট্টোপাধ্যায়	ভারতীয় ঐক্যের উৎস সন্ধান	২১
সঞ্জয় দাস	ভারতীয় জাতীয়তাবাদী আন্দোলনের রাজনৈতিক অর্থনৈতিক ও সামাজিক প্রেক্ষাপট	২৫
গোপালচন্দ্র পণ্ডিত	ভারতীয় জাতীয়তাবাদের উন্মেষে ধর্মের প্রভাব ও তার প্রতিক্রিয়া	৩২
শুভ্র সরকার	বঙ্কিমচন্দ্র ও জাতীয়তাবাদ	৪৪
আসাবুল মণ্ডল	বঙ্কিমচন্দ্র ও বাঙালি হিন্দুর স্বদেশ চেতনা	৫৪
অসীম বিশ্বাস	ভারতের জাতীয়তাবাদ বিকাশে কেশবচন্দ্র সেন : একটি পর্যলোচনা	৬৪
সঞ্জয় কুমার দাস	জাতীয়তাবাদ ও বিবেকানন্দ	৭৩
বিকাশ মুরমু	উনবিংশ শতকের ঔপনিবেশিক জাতীয়তাবাদ ও রবীন্দ্রনাথ	৮০
ড. অনুরূপা মুখোপাধ্যায়	কারাগার নাটকে জাতীয়তাবাদী ভাবনা	৯২
ড. বিনোদ সরকার	কবির হাতে শিকল- ভাঙার আহ্বান	৯৬
সুমন্ত মুখার্জী	রবীন্দ্রনাথের গান ও কবিতায় ভারতের অখণ্ডতাবোধ— একটি সমীক্ষা	১০৩
হক সাবিরুদ্দিন	ভারতের স্বাধীনতা সংগ্রামের পরিপ্রেক্ষিতে মহাত্মা গান্ধী ও জাতীয় কংগ্রেসের সম্পর্ক	১০৯
সিদ্ধার্থ প্রতিম সিন্হা	বহুমুখী প্রতিভাধর কাজী নজরুল ইসলাম	১১৮
লালমোহন হাঁসদা	অহিংস অসহযোগ আন্দোলন : বহুরূপতা	১২৬
জয়ন্ত রেজ	বিপ্লবের বীজমন্ত্র : সন্ধ্যা-যুগান্তর-বন্দেমাতরম্	১৩৬
অরিন্দ্র রুদ্র	বিপ্লবী সুবোধ চৌধুরী : ব্যক্তিশক্তি থেকে গণশক্তিতে উত্তরণের এক সাক্ষী	১৪৫
অরবিন্দু সর্দার	ভারতের স্বাধীনতা সংগ্রামে চব্বিশ পরগণা জেলার বৈপ্লবিক আন্দোলন—একটি সমীক্ষা	১৫২
ড. শুভাশিস চক্রবর্তী	হুগলী জেলায় কৃষক জাগরণ : ১৯৩৬-৪৭	১৫৮
স্বদেশ জানা	বাংলা সাহিত্যের আলোকে সাঁওতাল স্বাধীনতা সংগ্রাম	১৬৬
লেখক পরিচিতি		১৮১

# ভারতের স্বাধীনতা সংগ্রামে চব্বিশ পরগণা জেলার বৈপ্লবিক

## আন্দোলন—একটি সমীক্ষা (১৯০৫-৩৪)

অরবিন্দু সরদার

১৭৫৬ সালের ২৯শে ডিসেম্বর' যুদ্ধের নামে প্রহসন করে বজবজ দুর্গ দখলের মাধ্যমে ভারতবর্ষের মাটিতে ইস্ট-ইন্ডিয়া কোম্পানী বা পক্ষান্তরে ইংরেজ সাম্রাজ্যবাদের প্রথম বহিঃপ্রকাশ ঘটে। পলাশীর যুদ্ধে জয়লাভের পর মিরজাফরের হাত ধরে ইস্ট-ইন্ডিয়া কোম্পানী তথা লর্ড ক্লাইভ চব্বিশ পরগণার জমিদারী লাভ করে। পলাশীর যুদ্ধের পর ইংরেজ শক্তি বাংলায় যে মাটি পেয়েছিল তার পরিপূর্ণতা লাভ করে জমিদারী অধিকারের মধ্যে দিয়ে। জেলা হিসাবে চব্বিশ পরগণার জন্ম হয় ১৭৫৭ সালে ২০শে ডিসেম্বর। এরপর নবাব মিরজাফরের সঙ্গে চুক্তির মাধ্যমে ইস্ট-ইন্ডিয়া কোম্পানী কলকাতার দক্ষিণ থেকে কুলপি পর্যন্ত বিস্তৃত ২৪টি মহলের জমিদারী স্বত্ত্ব লাভ করে।<sup>১</sup> ছগলী নদীর তীরে একটি মার্বেল ফলকে এই দানের কথা উৎকীর্ণ আছে। এ প্রসঙ্গে মনে রাখতে হবে যে আঠারো শতকের সরকারী দলিলে চব্বিশ পরগণাকে 'কলকাতার জমিদারী' (Zamindari of Calcutta) বলে উল্লেখ করা হয়েছে। হান্টার সাহেব 'কলকাতার জমিদারি' ও 'চব্বিশ পরগণার জমিদারি'—এই দুটিকে সমার্থক অভিধা রূপে ব্যবহার করেছেন।

যাইহোক, পরবর্তীকালে চব্বিশ পরগণা জেলাকে আটটি মহকুমাতে বিভক্ত করা হয়েছিল সেগুলি হল—ডায়মন্ড হারবার, বারুইপুর, আলিপুর, দমদম, ব্যারাকপুর, বারাসাত, বসুর হাট (বসিরহাট) এবং সাতক্ষিরা।<sup>২</sup> এই সময় চব্বিশ পরগণা জেলা ও মহকুমাগুলির যে সীমানা ছিল তা ১৮৬১ ও ১৮৬৩ সালে পরিবর্তিত হয়। কলকাতা সহ ছগলী নদীর পশ্চিমদিকের গ্রামগুলিকে বাদ দিয়ে সুন্দরবন ও সমুদ্রকূল অঞ্চলকে তখন যুক্ত করা হয়। ১৭৫৭ সালের পলাশীর প্রান্তরে বাংলা তথা ভারতের যে স্বাধীনতার সূর্য অস্তমিত হয়েছিল পূর্ব দিগন্ত লাল হয়ে সেই স্বাধীনতার সূর্যই ইংরেজ রাজত্বের অবসান ঘোষণা করে ১৯৪৭ সালে ১৫ আগস্ট। মাঝখানের দীর্ঘ সময় ধরে যে রক্তক্ষয়ী সংগ্রাম চলেছিল তাতে চব্বিশ পরগণার বিপ্লবীরা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল।

চব্বিশ পরগণায় প্রথম জাতীয়তাবাদী চেতনার প্রকাশ ঘটেছিল ১৮৬১ সালে 'জাতীয় গৌরব সম্পাদনা সভা' স্থাপনের মধ্যে দিয়ে। এই সভা প্রতিষ্ঠা করেন বোড়াল গ্রামের রাজনারায়ণ বসু, তাঁর কাছ থেকে অনুপ্রেরণা পেয়ে নবগোপাল মিত্র 'স্বদেশী চৈত্র মেলা'